



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৩৭২৪


তারিখঃ ১৭/০৫/২০১৬ খ্রিস্টাব্দ।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলাঃ -----,
জেলাঃ -----।

বিষয়ঃ সাপ্তাহিক আদায় সীট ব্যবহার ও সংরক্ষণ প্রসঙ্গে।

উর্পযুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের সকল কার্যক্রম মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পভুক্ত সুফলভোগীদের সাথে দৈনন্দিন লেনদেন স্বচ্ছ ও সহজতর করার লক্ষ্যে প্রকল্পের সফটওয়্যার হতে প্রিন্টেড (Without Data দিয়ে) আদায় সীটের মাধ্যমে নিয়মিত ভাবে সাপ্তাহিক সঞ্চয় ও ঋণের অর্থ আদায়ের নির্দেশনা রয়েছে; কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলায় সফটওয়্যার হতে প্রিন্টেড আদায় সীট ব্যবহারের নির্দেশনা অমান্য করে খেয়াল-খুশিমত সঞ্চয় ও ঋণের অর্থ আদায় করা হচ্ছে। আবার কোন কোন উপজেলায় আদায় সীট ব্যবহার করা হলেও উহা যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে না। এতে প্রকল্পের আর্থিক কার্যক্রমের প্রতি সদস্যদের আস্থাহীনতা সৃষ্টিসহ দৈনন্দিন আর্থিক লেনদেনে অনাকাঙ্ক্ষিত অনিয়ম ও জটিলতা সৃষ্টির আশঙ্কা তৈরি হচ্ছে।

এমতাবস্থায়, প্রকল্পের সুফলভোগীদের সাথে দৈনন্দিন লেনদেন পরিচালনার ক্ষেত্রে মাসের ১ম দিনে সফটওয়্যার হতে প্রিন্টেড (Without Data দিয়ে) আদায় সীট আবশ্যিকভাবে ব্যবহারের নির্দেশনা প্রদান করা হ'ল। সেই সাথে ব্যবহৃত আদায় সীট মাস শেষে মাঠ সংগঠকওয়ারী পৃথক পৃথক ফাইলে সংরক্ষণ নিশ্চিত করতে অনুরোধ করা হ'ল। আদায় সীট ব্যবহার ও সংরক্ষণে ব্যর্থ কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। হিসাব সহকারী/মাঠ সংগঠক (সকল), (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৭। অফিস কপি।